বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

আজকের কাগজ

তারিখ 16 JUL 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

58

# ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে ৬ ছাত্র নেতাকে আজীবনের জন্যে বহিষ্কার

**আমানুর আমান :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে দু'টি ছাত্র সংগঠন থেকে ৬ জন ছাত্র নেতাকে আজীবনের জন্য বহিষ্কার করা হয়েছে। সংগঠন দু'টি হচ্ছে ছাত্রলীগ (শা-পা) ও ইসলামী ছাত্র শিবির। ইসলামী বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবের সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে উপাচার্য ডঃ ইনাম-উল-হক এ কথা জানান। সাবেক উপাচার্য ডঃ আব্দুল হামিদকে লাঞ্ছিত ও অবৈধ চাঁদা দাবির অভিযোগে ১৯৯২ সালে বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা) ইবি শাখার তৎকালীন সাংগঠনিক সম্পাদক ও বর্তমান সভাপতি আফসার আলী (অর্থনীতি ২য় বর্ষ), স্বপন (অর্থনীতি ২য় বর্ষ) ও আজিজকে (আইন ৪র্থ বর্ষ) ৫ বছরের জন্যে বহিষ্কার করা হয়। অপরদিকে ১৯৯৩ সালের ৮ এপ্রিল ৮ জন শিক্ষককে লাঞ্ছিত করার অপরাধে ৩ জন ছাত্র শিবির নেতা মাসুদ (আল কোরান মাষ্টার্স), জাকির (লোক প্রশাসন ২য় বর্ষ) ও আদমকে (ব্যবস্থাপনা ২য় বর্ষ) যথাক্রমে ৫ ও ৩ বছরের জন্যে বহিষ্কার করা হয়।

পরবর্তীতে বিভিন্নমুখী ছাত্র আন্দোলনের মুখে তৎকালীন উপাচার্য ডঃ হামিদ উক্ত ছাত্র নেতাদের বহিষ্কারের মেয়াদ চলতি বছরের সিন্ডিকেটে অর্ধেক করে হ্রাস করার সিদ্ধান্ত নেন। অতঃপর সীমাহীন দুর্নীতি ও প্রশাসনিক অব্যবস্থাপনার অভিযোগে গত ১৯ মার্চ এক ছাত্র অভ্যুত্থানে তিনি পদচ্যুত হন। তার স্থলাভিষিক্ত হন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ডঃ ইনাম-উল-হক। ডঃ হক দায়িত্ব প্রাপ্তির কয়েকদিনের মধ্যেই গত ৮ জুন সিন্ডিকেটের ১০৮ তম সভায় উক্ত ছাত্র নেতাদের বহিষ্কারের মেয়াদ হ্রাস সংক্রান্ত ৯৮/১০২তম সিন্ডিকেটের সিদ্ধান্ত বাতিলপূর্বক সংশোধনের নামে বাতিল করিয়ে উক্ত ৬ ছাত্র নেতাকে আজীবনের জন্যে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নেন। উপরোক্ত ঘটনা ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ে চরম বিতর্কের সূচনা করেছে। এ বিষয়ে ছাত্রলীগ নেতারা তীব্র প্রতিবাদ জানিয়ে বলেছেন, এই সিদ্ধান্ত সম্পূর্ণরূপে উপাচার্য হকের ব্যক্তিগত সিদ্ধান্ত। বর্তমান ক্ষমতাসীন সরকারকে খুশি করতেই তিনি এ সিদ্ধান্ত নিয়েছেন। তারা উপাচার্যের নিরপেক্ষতার প্রশ্ন তুলে অভিযোগ করে বলেন, সরকারের মদদপুষ্ট সংগঠন ছাত্রদল টেন্ডার বাক্স ছিনতাই, শিক্ষক নিয়োগে পার্সেন্টেজ দাবি, চলতি ৯৩-৯৪ শিক্ষাবর্ষে অবৈধভাবে ছাত্র ভর্তি করলেও উপাচার্য এসব বিষয়ে কোন ভূমিকা নেয়নি। তারা অবিলম্বে এই ষড়যন্ত্রমূলক সিদ্ধান্ত বাতিলের দাবি জানিয়েছে।